

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা- ২ শাখা।  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০৩.০০.০০.০০৩.২০১০-

তারিখঃ ১০.১৪.১৯ বঙ্গাব্দ  
০২.২০১৩ খ্রিষ্টাব্দ

আদেশ

যেহেতু, জনাব মোঃ আনোয়ারুল আজিম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা(বর্তমানে ফুলছড়ি, গাইবান্ধা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক প্রতিয়মান না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য বোর্ড গঠন করা হয়;

যেহেতু, বোর্ড তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে জনাব মোঃ আনোয়ারুল আজিম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা(বর্তমানে ফুলছড়ি, গাইবান্ধা)-কে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান হয়নি;


যেহেতু, তাকে সরকারি চাকুরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষেপে সেহেতু, সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (বি) বিধি মোতাবেক জনাব মোঃ আনোয়ারুল আজিম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা(বর্তমানে ফুলছড়ি, গাইবান্ধা)-কে আদেশ জারির তারিখ থেকে সরকারি চাকুরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মুহম্মদ হুমায়ুন কবির)  
সিনিয়র সচিব


উপ-নিয়ন্ত্রক,  
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০৩.০০.০০.০০৩.২০১০-৬/১ (২০)

তারিখঃ-২৪-০২-২০১৩ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক (এম আইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গাইবান্ধা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৯। জনাব মোঃ আনোয়ারুল আজিম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা(বর্তমানে ফুলছড়ি, গাইবান্ধা)।

  
(হাছিনা বেগম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৭১৭২০২৮  
Sasdisc2@mohfw.gov.bd